

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
কর্মসংস্থান-০৪ শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৮.১১.০৩৭.১৭-২০৪

তারিখ: ০৮.০৫.২০১৮

বিষয়: নিয়োগ অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স এস. রানা ট্রেডিং ইন্টারন্যাশনাল (আরএল-৯৭৫) এর অনুকূলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ইরাকস্থ Alhusham for General Contracting কোম্পানিতে General Skill Worker পদে ১৯ (উনিশ) জন পুরুষ কর্মীর নিয়োগ অনুমতি প্রদান করা হলো:

কোম্পানির নাম	পদের নাম	কর্মীর সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Alhusham for General Contracting	General Skill Worker	১৯ (উনিশ) জন পুরুষ কর্মী	৪০০ USD	বাসস্থান, চিকিৎসা, যাতায়াত ও খাবার - ফ্রি; বিমান ভাড়া - এক পথ ফ্রি; প্রশিক্ষণের মেয়াদ - ৯০ দিন; চুক্তির মেয়াদ-০২ বছর; কর্মঘন্টা - ০৮ ঘন্টা (সপ্তাহে ৪৮ ঘন্টা); চাকুরির অন্যান্য শর্তাবলী ইরাকের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী:

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে ইরাক যাবেন অথবা ইরাক বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধিকে আবশ্যিক ভাবে উপস্থিত থাকতে হবে।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী ইরাকে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য কাগজপত্রের মূলকপি দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানিতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ৫৬,২৪০/- (ছাপ্পান্ন হাজার দুইশত চল্লিশ) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- কর্মীদের প্রত্যেকে ইরাকের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত হয়ে সোচ্ছায় ইরাক গমন করেছেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার ও ঘোষণাপত্র দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী ইরাকের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের সত্যায়নের বিষয়টি সতর্ক পরীক্ষা করবে।

স্বাঃ

(ড. মাসুমা পারভীন)

উপসচিব

ফোন: ৫৫১৩৮০৮০

ই-মেইল: sasemployment4@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো


প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা-১০০০।

নং-৪৯.০০.০০০০.০৪৮.১১.০৩৭.১৭- ২০৪

তারিখ: ০৮.০৫.২০১৮

অনুলিপি: (সদয় অবগতি/কার্যার্থে)

- ১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, বাগদাদ, ইরাক।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৭। স্বত্বাধিকারী, মেসার্স এস. রানা ট্রেডিং ইন্টারন্যাশনাল (আরএল-৯৭৫), রূপসা টাওয়ার, প্লট নং-০৭, ফ্ল্যাট নং (এ-৫, এ-৬), রোড নং-১৭, বানিজ্যিক এলাকা, ঢাকা।
- ৮। অফিস কপি।


(ড. মাসুমা পারভীন)
উপসচিব